

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
.....
আর যখন ফেরেশতা বলল হে
মারইয়াম! আল্লাহ তোমাকে পছন্দ
করেছেন এবং তোমাকে পবিত্র পরিচ্ছন্ন
করে দিয়েছেন। আর তোমাকে বিশ্ব
নারী সমাজের উর্ধ্ব মনোনীত
করেছেন।
সূরা আল ইমরান ৪২

দৈনিক কীর্তনখালা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আসীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিস্টেমটি
গ্রাফিক্স ড্রাইভেন্ট
ইস্টার্নের মনোবৃত্তি
সেবা : ০২১১০০৬৬৬৬৬, ০২১১০২৭০৪

বরিশাল ২২ মঙ্গলবার ২২ মে ২০২৬ ০১ জিলহজ্জ ১৪৪৭ ০৫ জ্যৈষ্ঠ ১৪৩৩ ৯ম বর্ষ ৩৫৫ সংখ্যা ৪ পৃষ্ঠা ৫ টাকা



র্যাবে সরকারের কোনো রাজনৈতিক হস্তক্ষেপ থাকবে না: স্বরাষ্ট্রমন্ত্রী
কীর্তনখোলা ডেস্ক
আগামী দিনে র্যাবকে একটি জনবান্ধব ও দায়িত্বশীল বাহিনী হিসেবে পূর্ণগঠন করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন ২ এর পাতায় দেখুন



বাংলাদেশ জামায়াতে ইসলামী
www.jamat-e-islami.org
بھارتیہ اسلامی جمہوریہ
Dhaka, Bangladesh



পলিটিক্যাল পলিসিতে স্বচ্ছতা থাকলেও মাঠপর্যায়ে ইঞ্জিনিয়ারিং হয়েছে
কীর্তনখোলা ডেস্ক
অবাধ, সুষ্ঠু ও স্বচ্ছ নির্বাচন ছাড়া গণতন্ত্র কখনো শক্তিশালী হতে পারে না বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর ২ এর পাতায় দেখুন



আরেকটি গণ-অভ্যুত্থান হলে নির্বাচন কমিশনের বিচার করা হবে
কীর্তনখোলা ডেস্ক
জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসিরউদ্দীন পাটোয়ারী বলেছেন, দেশে আরেকটি গণ-অভ্যুত্থান হলে ২ এর পাতায় দেখুন



স্থানীয় নির্বাচনে দলীয় প্রার্থী ঘোষণা নিয়ে সিইসির 'কপালে ভাঁজ'
কীর্তনখোলা ডেস্ক
স্থানীয় সরকার নির্বাচন 'নির্দলীয়' হওয়ার কথা থাকলেও বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থী ঘোষণা নিয়ে উদ্বেগ ২ এর পাতায় দেখুন



তিন লাখ কোটি টাকার উন্নয়ন বাজেট পাস

কীর্তনখোলা ডেস্ক
আগামী ২০২৬-২৭ অর্থবছরের জন্য রেকর্ড তিন লাখ কোটি টাকার বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি)। সোমবার (১৮ মে)

রাজধানীর আগারগাঁওয়ে এনইসি সম্মেলনকক্ষে অনুষ্ঠিত সভায় এ উন্নয়ন বাজেট অনুমোদন করা হয়। প্রধানমন্ত্রী তারেক হামিদার সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় উন্নয়ন বাজেট অনুমোদনের বিষয়টি চূড়ান্ত করা

হয়। অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেন, ৩ লাখ কোটি টাকার উন্নয়ন বাজেট পাস করা হয়েছে। আমরা আমাদের নির্বাচনি ইশতেহার বাস্তবায়নে গুরুত্ব দিয়েছি। ২ এর পাতায় দেখুন



বরিশাল সিটি কর্পোরেশনের সুকিপূর্ণ জায়গা পরিদর্শন করেন প্রশাসক আড, বিলকিস আক্তার জাহান শিরীন

বরিশাল বিশ্ববিদ্যালয়ের সহকারি প্রকৌশলীকে চেয়ার ছুড়ে মারার অভিযোগ ছাত্রদল নেতার বিরুদ্ধে

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) প্রকৌশল দপ্তরের সহকারী প্রকৌশলী মো. মামুন আর রশিদে গায়ে চেয়ার ছুড়ে মারার অভিযোগ উঠেছে এক ছাত্রদল নেতার বিরুদ্ধে। তিনি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের নম্বর সহসভাপতি মিনহাজুল ইসলাম। রোববার বিকেলে

সহকারী প্রকৌশলীর কক্ষে এ ঘটনা ঘটে। ছাত্রদল নেতা মিনহাজের দাবি, ঘুষ না দেওয়ায় তিকাদারকে ১৩ মাস ঘুরাচ্ছিলেন প্রকৌশলী। তিনি সেটির সমাধান করতে গিয়েছিলেন। খোঁজ নিয়ে জানা গেছে, সাইফুল মুন্সি নামে এক তিকাদার বিশ্ববিদ্যালয়ের নম্বর সহসভাপতি মিনহাজুল ইসলাম। রোববার বিকেলে

কাজ করেন। সেই কাজের বিল বাবদ ২৮ হাজার টাকা চাইতে আসেন। কিন্তু বিলের বিষয়টি সুরহা না হওয়ায় তিকাদার ছাত্রদল নেতা মিনহাজকে নিয়ে প্রকৌশলী মামুনের দপ্তরে যান। ঘটনার বর্ণনায় সহকারী প্রকৌশলী মামুনের রশীদ বলেন, বিকেলে তিকাদার সাইফুল মুন্সি বিল ২ এর পাতায় দেখুন

দেশের আকাশে চাঁদ দেখা গেছে ঈদ ২৮ মে

কীর্তনখোলা ডেস্ক
বাংলাদেশের আকাশে জিলহজ মাসের চাঁদ দেখা গেছে। ফলে আগামী ২৮ মে (বৃহস্পতিবার) সারাদেশে পণ্ড কোরবানির মধ্য দিয়ে তাগের মহিয়ার পবিত্র ঈদুল আজহা উদ্‌যাপন হবে। সোমবার (১৮ মে) রাত্রে বায়তুল মোকাররম সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভা থেকে এ তথ্য নিশ্চিত করা হয়েছে। সভায় ধর্মবিষয়ক মন্ত্রী কাজী শাহ মোফাজ্জল হোসাইন ২ এর পাতায় দেখুন

পবিত্রবিতে অষ্টম দিনের কর্মবিরতি ক্যাম্পাসজুড়ে বিক্ষোভ

পটুয়াখালী প্রতিনিধি
পটুয়াখালী বিভাগ ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (পবিত্রবি) কর্মবিরতি পালন করছেন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. কাজী রফিকুল ইসলামের অপসারণ এবং আন্দোলনরত শিক্ষক-কর্মকর্তাদের ওপর হামলার ঘটনায় জড়িতদের শ্রবত্বের দাবিতে অষ্টম দিনের শিভির নিয়ে সময় কাটাচ্ছেন নগরবাসী। বেলস পার্কে বেড়াতে আসা ২ এর পাতায় দেখুন

সৌদি থেকে বাড়ি ফেরার ৮ দিন পর গৃহবধূর রহস্যজনক মৃত্যু

কলাপাড়া প্রতিনিধি
পটুয়াখালীর কলাপাড়ায় মরিয়ম বেগম (৩৮) নামে এক প্রবাসী গৃহবধূর রহস্যজনক মৃত্যু হয়েছে। সোমবার (১৮ মে) সকাল নয়টার দিকে উপজেলার ঢাকামাইয়া ইউনিয়নের দারোগার তবক এলাকায় নিজ বাড়ি থেকে ওই নারীর মরদেহ উদ্ধার করা হয়। ঘটনার পর থেকে তার স্বামী নাসির সিকদার পলাতক রয়েছেন। পুলিশ ও স্থানীয়রা জানান, দুই সন্তানের জননী ওই নারী প্রায় আট বছর ধরে সংসারের সচ্ছলতা ফেরাতে সৌদি আরব ছিলেন। গত ৮ দিন আগে সৌদি থেকে ঘামের বাড়িতে আসেন তিনি। এরপর থেকেই স্বামীর সঙ্গে পারিবারিক বিষয় নিয়ে তার ঝগড়া চলছিল। রোববার সন্ধ্যার পর স্বামী নাসির উদ্দিন তার কাছে টাকা ২ এর পাতায় দেখুন

শ্বশুরের বিরুদ্ধে মিথ্যা নিপীড়নের মামলা দেয়ায় পুত্রবধূ কারাগারে

ঝালকাঠি প্রতিনিধি
ঝালকাঠিতে শ্বশুরের বিরুদ্ধে দায়ের করা যৌন নিপীড়নের অভিযোগ তদন্তে মিথ্যা প্রমাণিত হওয়ায় মামলার বাদী পুত্রবধূকে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত। একই সঙ্গে মামলার আসামি শ্বশুরকে জামিন দেওয়া হয়েছে। সোমবার দুপুরে ঝালকাঠির চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এইচ এম করিম হোসেন এ আদেশ দেন। আদালত সূত্রে জানা গেছে, জেলার নলছিটি উপজেলার ভৈরবপাশা ইউনিয়নের ইশ্বরকাঠি গ্রামের এক গৃহবধূ তার শ্বশুরের বিরুদ্ধে যৌন নিপীড়নের অভিযোগ এনে নলছিটি থানায় মামলা দায়ের করেন। অভিযোগের পরিপ্রেক্ষিতে পুলিশ তদন্ত ২ এর পাতায় দেখুন

নতুন রূপে সেজেছে নগরীর বিনোদন কেন্দ্রগুলো

উচ্ছেদে দিশেহারা হাজারো হকার

কীর্তনখোলা রিপোর্ট
নতুন রূপে সেজেছে বরিশাল নগরীর বিনোদন কেন্দ্রগুলো। বরিশাল সিটি কর্পোরেশনের (বিসিটি) ধারাবাহিক অভিযানে বেলস পার্ক, বিবির পুকুর পাড় ও চৌমাথা লেকসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ ফুটপাথ ও এখন সম্পূর্ণ দখলমুক্ত। এতে নগরবাসী ও বিনোদন কেন্দ্রের দর্শনাধীনের মাঝে স্বস্তি ফিরলেও, উচ্ছেদ হওয়া হাজারো ভাসমান ব্যবসায়ীর ভবিষ্যৎ ও কর্মসংস্থান নিয়ে দেখা দিয়েছে তীব্র সংশয়। সরেজমিনে দেখা গেছে, বেলস পার্কের প্রবেশপথে বসানো হয়েছে সুদৃশ্য রেলিং গেট। একমুহুরে খোলে হকার ও অবৈধ দখলদারদের দৌরাখো সাধারণ মানুষের হাঁচিচলি ছিল দায়, সেখানে এখন বইছে স্বস্তির বাতাস। বিবির পুকুর পাড় কিংবা চৌমাথা লেক, বেলস পার্কে পরিবার আর শিশুদের নিয়ে সময় কাটাচ্ছেন নগরবাসী। বেলস পার্কে বেড়াতে আসা ২ এর পাতায় দেখুন



কীর্তনখোলা রিপোর্ট
নতুন রূপে সেজেছে বরিশাল নগরীর বিনোদন কেন্দ্রগুলো। বরিশাল সিটি কর্পোরেশনের (বিসিটি) ধারাবাহিক অভিযানে বেলস পার্ক, বিবির পুকুর পাড় ও চৌমাথা লেক, বেলস পার্কে পরিবার আর শিশুদের নিয়ে সময় কাটাচ্ছেন নগরবাসী। বেলস পার্কে বেড়াতে আসা ২ এর পাতায় দেখুন

নগরীর সদর রোডের বাসিন্দা নাসরিন আক্তার বলেন, 'আগে এখানে এসে শান্তিতে বসার বা হাঁটার পরিবেশ ছিল না। চারদিকে চটপটি-ফুটকার দোকান আর হকারদের উচ্চ শব্দে কান পাড়া যেত না। এখন অনেক পরিচ্ছন্ন লাগছে, বাচ্চাদের নিয়ে নির্ভয়ে হাঁটা যাচ্ছে। আমরা চাই এই পরিবেশ যেন সবসময় বজায় থাকে।' এ দিকে এই স্বস্তির উট্টো পিঠে রয়েছে হাজারো পরিবারের দুশ্চিন্তা। সিটি কর্পোরেশনের তথ্যমতে, মহানগরী এলাকায় ভাসমান দোকানের সংখ্যা ছিল এক হাজারের বেশি। আকস্মিক এই উচ্ছেদে বিপুল সংখ্যক মানুষ কর্মসংস্থান হারিয়ে দিশেহারা হয়ে পড়েছেন। বেলস পার্কের সামনে দীর্ঘদিন ধরে খেলনা বিক্রি করা মো. খলিল মিয়া হতাশা প্রকাশ দোকানগুলো ভাঙসা দিল। এই দোকান দিয়েই আমার পাঁচজনের পড়াশোনার খরচ চলত। এখন আমি ২ এর পাতায় দেখুন



নগরীর বাবু হত্যা মামলার প্রধান আসামি মধু গ্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল নগরীর পলাশপুরে কিশোর গ্যাংয়ের হামলায় মৃত্যু বাববাসী জসীম সিকদার বাবুকে কুপিয়ে হত্যার ঘটনায় দায়ের করা মামলার প্রধান আসামি মধু মিয়াকে গ্রেপ্তার করেছে পুলিশ। সোমবার (১৮ মে) দুপুর পৌনে ২টার দিকে বরিশাল নগরীর টিয়াখালী এলাকা থেকে তাকে গ্রেপ্তার করে কাউনিয়া থানা পুলিশ। বরিশাল মেট্রোপলিটন পুলিশের (বিএমপি) কাউনিয়া থানার অফিসার ইনচার্জ (ওসি) সনজিত চন্দ্র নাথ গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, তথ্যপ্রযুক্তি ব্যবহার এবং গোপন সংবাদের ভিত্তিতে দুপুর পৌনে ২টার দিকে টিয়াখালী এলাকায় অভিযান ২ এর পাতায় দেখুন

বাংলা বিজ্ঞানের সাবেক বিজ্ঞানী প্রধান এবং বাংলাদেশ মন্ত্রণালয় শিক্ষাবোর্ডের সাবেক পরিচালক নিম্নলিখিত

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রকাশের ভিত্তিতে প্রতিষ্ঠিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক। সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরিচালক, সরকারি আদলপাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পৃথিক মোস্তফা (এমফিল, ইবি)

৭ম পাতায়র জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাবে

বুক জিন্দা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-264963	অব্দের লাইব্রেরি পাশের রোড, বরিশাল 01708-868515	অব্দের লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ শাহাবুজ্জামান, বই রোড, বরিশাল 01716-670945	মজুমদার লাইব্রেরি মহাশীল ট্রেড কর্পোরেশন, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি হুগল রোড, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি সি.এম. কলেজ রোড, বরিশাল 01726-074663	হক লাইব্রেরি হুগল রোড, বরিশাল 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি সি.এম. কলেজ রোড, বরিশাল 01717-488083



আদালতের স্থগিতাদেশ অমান্যের অভিযোগ, জমি নিয়ে মুখোমুখি ডাঃ আমিনুল ও ইমন

কীর্তনখোলা রিপোর্ট
হাইকোর্টের স্থগিতাদেশ থাকা সত্ত্বেও কারসাজির মাধ্যমে নিউ আদালতে নতুন মামলা করে জমি ও ব্যবসা প্রতিষ্ঠান দখলের পায়তারা চালানো হচ্ছে বলে অভিযোগ উঠেছে ডাঃ এ.কে.এম. আমিনুল হকের বিরুদ্ধে। সোমবার (১৮ ফেব্রুয়ারি) সাংবাদিকদের সঙ্গে ব্রিফিংকালে এ অভিযোগ করেন বরিশাল সদর রোডের হাবিব স্টোরের স্বত্বাধিকারী কামরুল হাসান ইমন। তবে অভিযোগ অস্বীকার করে ডাঃ এ.কে.এম. আমিনুল হক দাবি করেছেন, ইমন তার ভাড়াটিয়া এবং জাল-জালিয়াতির মাধ্যমে অবৈধভাবে তার জমি দখল করে রেখেছেন। সাংবাদিকদের ব্রিফিংয়ে কামরুল হাসান ২ এর পাতায় দেখুন



৪৭তম জাতীয় বিজ্ঞান সপ্তাহ, বিজ্ঞান মেলা, বিজ্ঞান অলিম্পিয়াড এবং বিজ্ঞান বিষয়ক সেমিনার ও কুইজ প্রতিযোগিতার স্টল পরিদর্শন করেন বরিশাল বিভাগীয় কমিশনার খলিল আহমেদ


দৈনিক কীর্তনখালা প্রতিদিন

কীর্তনখালা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য ঝালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, ভোলা জেলা: তাজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।
-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯



দীর্ঘ সময় ধরে চলা উচ্চ মূল্যাকীতি না কমে বরং আরো বাড়ছে। মানুষের প্রকৃত আয় কমে যাচ্ছে। একই সঙ্গে কমাছে ক্রয়ক্ষমতা বা ভোক্তার চাহিদা। এর প্রভাব পড়ছে শিল্পোৎপাদনে। একই সঙ্গে গ্যাস-বিদ্যুতের সংকটেও কমাছে উপাদান। ফলে উপাদান ব্যয় বেড়ে যাচ্ছে। অনেক কলকারখানাই লাভজনকভাবে চলিয়ে যাওয়া সম্ভব হচ্ছে না। ফলে দেশের অর্থনীতি বহুমাত্রিক চ্যালেঞ্জের মধ্য দিয়ে যাচ্ছে বলেই মনে করেন ব্যবসায়ী নেতা ও অর্থনীতিবিদরা। গভ শনিবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত ‘অর্থনৈতিক অবস্থান সূচক (ইইসআই) টাকার সামগ্রিক অর্থনীতিতে ক্রৈমাসিক মূল্যায়ন’ শীর্ষক সেমিনারে বক্তারা বিদ্যমান অর্থনৈতিক সংকট ও তা থেকে উত্তরণের উপায় নিয়ে কথা বলেন। ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ বলেন, ‘দেশের অর্থনীতি বর্তমানে একটি কঠিন সময় পার করছে। উচ্চ মূল্যাকীতি সাধারণ মানুষের জীবনযাত্রার ব্যয় বাড়িয়ে দিয়েছে। অন্যদিকে শিল্প খাতের উপাদান ব্যয়ও বেড়েছে। জ্বালানি সরবরাহে অনিশ্চয়তা ও ব্যাবৈকি খাতের দুর্বলতা বিনিয়োগে নেতিবাচক প্রভাব ফেলছে।’ তিনি বলেন, চল্লিশ সামগ্রিক অর্থনৈতিক সূচক অনেক সময় তাৎক্ষণিক বাস্তব পরিস্থিতি তুলে ধরতে বর্থ হয়। এ কারণেই ডিসিসিআই ‘অর্থনৈতিক অবস্থান সূচক (ইইসআই)’ চতুস্ত উদ্যোগ নিয়েছে, যাতে নীতিনির্ধারক ও উদ্যোগীরা বাস্তব পরিস্থিতি মূল্যায়ন করে দ্রুত সিদ্ধান্ত নিতে পারেন। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ডিসিসিআই মহাসচিব (ভারতীয়) ড. এ কে এম আসাদুজ্জামান পাটোয়ারী। তিনি জানান, ২০২৫-২৬ অর্থবছরের প্রথম ও দ্বিতীয় প্রান্তিকের তথ্যের ভিত্তিতে এই গবেষণা পরিচালিত হয়েছে। গবেষণায় দেখা যায়, জলবায়ু পরিবর্তনের প্রভাবে কৃষি উপাদান কমে যাচ্ছে, যা খাদ্যপণ্যের বাজারে অস্থিরতা তৈরি করছে। একই সঙ্গে জ্বালানিনসংকটের কারণে শিল্প খাতে উপাদান ব্যাহত হচ্ছে। তিনি বলেন, বর্তমান পরিস্থিতি মোকাবেলায় কৃষিপণ্যের বাজারদখল্য হিষ্তশীল রাখা, সরবরাহব্যবস্থার উন্নয়ন, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগীদের সহজ শর্তে ঋণ প্রদান এবং শিল্পে নিরবচ্ছিন্ন জ্বালানি সরবরাহে নিশ্চিত করা জরুরি। পাশাপাশি ব্যবসায় পরিচালনায় সরকারি অনুদানমন্ত্রকপ্রচার জটিলতা কমানো, মূল্য সংযোজন করের হার বৌদ্ধিক পণ্যে নামিয়ে আনা এবং বন্দসভলোতে পণ্য খালাস প্রক্রিয়া দ্রুত করার প্রেরণ ও গুরুত্বারোপ করেন তিনি। রাণিজ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব শিবির বিজিত বড়ুয়া বলেন, বর্তমানে দেশের প্রধান অর্থনৈতিক চ্যালেঞ্জ হলো উচ্চ মূল্যাকীতি, বিনিয়োগে নেতিবাচক প্রবণতা এবং ব্যাবৈকি ও আর্থিক খাতের দুর্বলতা। তিনি জানান, ব্যবসা সহজীকরণে সরকারি আদানিানিতি অর্থনিয়ন্ত্রকদের উদ্যোগ নিয়েছে এবং আগামী কয়েক মাসেই নতুন নীতিমালা ঘাড়াভ হতে পারে। পরবর্তী মন্ত্রণালয়ের মহাপরিচালক ড. সৈয়দ মুনতাসীর মামুন বলেন, শিল্পে দীর্ঘমেয়াদি অর্থায়নের জন্য ব্যাংক খাতের ওপর অতিরিক্ত নির্ভরতা রয়েছে, যেখানে শক্তিশালী পুঁজিবাজার গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারত। কিন্তু পুঁজিবাজার এখোলা কাঙ্ক্ষিত সক্ষমতা অর্জন করতে পারেনি। যথাযথ্যে যুক্তহই নানা কারণে বিশ্বব্যাপী এক ধরনের অস্থিরতা রয়েছে। এর পাশাপাশি অভ্যন্তরীণ অনেক প্রতিকূলতাও অর্থনীতির গতিশীলতাকে মুখ করে দিচ্ছে। ব্যাংকঋণের উচ্চ সুদহারের কারণে শিল্প-কারখানাগুলো ব্যাংক থেকে ঋণ নিতে পারছে না। মূলধন সংকটে উপাদান ব্যাহত হচ্ছে। আমরা মনে করি, দেশি-বিদেশি বিনিয়োগেগে স্বহিঁতজা কাটতে কার্কর উদ্যোগ নিতে হবে। ব্যাবৈকখণের সুদধর করিয়ে এনে বেরকারি রাতে ঋণবাহ্য বাড়তে হবে। গ্যাস-বিদ্যুতের নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করতে হবে।

স্থানীয় নির্বাচনে দলীয়

জানিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন। তিনি বলেন, স্থানীয় সরকার নির্বাচনে পাটি সিফল (দলীয় প্রতীক) ব্যবহার না হলেও গণমাধ্যমে দেখছি, বিভিন্ন দল থেকে অলপেই প্রাথমী মনোনয়নদের ঘোষণা দেওয়া হচ্ছে। এটা আমরা জন্য চিন্তার, আরও কপালে ভীজ স্পষ্ট হয়েছে। সোমবার (১৮ মে) আগারগাঁওয়ে নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউটে রিপোর্টার্স ফোরাম ফর ইলেকশন অ্যান্ড ডেভোপ্লের্সির (আরএফইডি) নবনির্বাচিত কমিটির অভিষেক ও বিদায়ী কমিটির সর্বশেষ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। স্থানীয় নির্বাচনে দলীয় প্রতীক ব্যবহার না হওয়ার বিষয়টি স্মরণ করিয়ে দিয়ে সিইসি বলেন, যদি ইভিপেটেন্ট হয়ে যেতো পাটির মালিকানা থাকতো না, ওনারশিপ থাকতো না, দলে দলে গোলামল হতো না। একজন মনে করি, দলগুলোর উচিত হবে নিজেরা বাসে ফয়সলা করা; এক্ষেত্রে আমাদের সহায়তা থাকবে। প্রয়োশন জাতীয় নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার ক্ষেত্রে অন্তর্বর্তী সরকারের পূর্ণ সহায়তার কথা স্মরণ ধরে এ এম এম নাসির উদ্দিন বলেন, স্থানীয় সরকারের নির্বাচন সামনে আসছে। প্রয়োজনীয় আইন-বিধি সংকর করা হয়েছে। এই মধ্য দৃষ্টি সাজনৈতিক দলের নেতা উদ্দেশে প্রকাশ করেছেন। রাজনৈতিক দলের সহযোগিতা ছাড়া কোনো নির্বাচন সুষ্ঠুভাবে সম্ভব হয় না। ‘আমরাও দলগুলোর সহযোগিতা চাই। প্রয়োজনে আশানারী দিচ্ছি। নিজেরা নিজেরা বসুন।’ একটা ফয়সলায় আসুন। আমরা রক্তপাত দেখতে চাই না। রক্তপাতহীন স্থানীয় সরকার নির্বাচন চাই। রাজনৈতিক দলগুলোর উদ্দেশে বলেন তিনি। তিনি বলেন, শুধু একটি নির্বাচন নয়, সব ধরনের নির্বাচনী ভালো করতে হবে। ভালো নির্বাচনের সংস্কৃতি গড়ে তুলতে হবে। আমরা ভালো নির্বাচনের সংস্কৃতি চালু করতে চাই। এখান দলগুলোকে নিজেদের মধ্যে বসতে হবে। আমরা চাই, সত্যিকার অর্থে শতভাগ ভালো একটি স্থানীয় নির্বাচন। স্থানীয় নির্বাচনে সহিৎসত্যয় উদ্দেশে প্রকাশ করে তিনি বলেন, অতীতে দেশীয়ে নির্বাচন খিরে অনেক মার্ডার হয়। একই পরিবারে প্রতিদ্বন্দ্বিতা হয়, বৃথ স্বল্প ব্যবধানের প্রতিদ্বন্দ্বিতা হয়। ব্রাহ্মণবাড়িয়ার সরাইলের বর্শা নিয়ে মারামারির প্রসঙ্গ তেনে সিইসি বলেন, টোটা দিয়ে দুই পাড়ায় মারামারি হয়। এখন দুই পাড়ায় যদি প্রাথমী দাঁড়ায়, তাহলে কি হবে? কারাবালা হয়ে যাবে। এ ধরনের সিচুরেশনে রাজনৈতিক দলগুলোকে নিজেদের মধ্যে বোঝাপড়া করা উচিত, স্থানীয় নির্বাচনে কোনো ধরনের বাঘোলায় যাবে না। এ বছরের শেষে স্থানীয় সরকার নির্বাচন করার বিষয় সরকারের মন্ত্রী, উপদেষ্টাররা আভাস দিচ্ছেন। এ বিষয়ে সিইসি বলেন, স্থানীয় নির্বাচন কবে হবে এখানে ফাইনাল হয়নি। নির্বাচন যেহেতু দলীয় প্রতীকে হবে না। একই পরিবারে কিছু বিধিবিধান সংস্কার করতে হবে। এ নিয়ে কাজ শেষ করে আমরা সরকারকে বসতে বসবো। এটার জন্য সময় লাগবে।

আরেকটি গণ-অভ্যুত্থান হলে

প্রথমেই নির্বাচন কমিশনে হাত দেওয়া হবে যাতে এই প্রতিষ্ঠানটিকে আপদামুশ্তক পরিবর্তন করা যায়। বিপত নির্বাচনে চরম ‘ইলেকশন ইঞ্জিনিয়ারিং’ বা কার্যচূপি হয়েছে দাবি করে তিনি এর তীব্র সমালোচনা করেন এবং এই প্রক্রিয়ার সঙ্গে জড়িতদের ভবিষ্যতে বাংলাদেশের মাটিতে বিচার করার অঙ্গীকার ব্যক্ত করেন। সোমবার রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউটের সম্মেলন কর্কে রিপোর্টার্স ফোরাম ফর ইলেকশন অ্যান্ড ডেভেলপ্লের্সির (আরএফইডি) নবনির্বাচিত কমিটির অভিষেক ও বিদায়ী কমিটির সর্বশেষ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। নিজের অভিজ্ঞতার কথা তুলে ধরে নাসিরউদ্দিন পাটোয়ারী বলেন, বিপত নির্বাচনে নয়াভাবে ইলেকশন ইঞ্জিনিয়ারিং করে কক্সবাজারের হামিদুর রহমান আযাদ-এর মতো প্রাণীদেহ হারানোর খেলা হয়েছে। এটি পুরোপুরি একটি নিরাপ্তিত নির্বাচন ছিল। এই বক্তব্যের পর তাকে এই অফিসে আত ঢুকতে দেওয়া হবে কিনা তা নিয়ে সংশয় প্রকাশ করলেও তিনি ঈশ্বারটির দেন যে, আগামীতে কোনো গণ-অভ্যুত্থান হলে তার প্রথম টার্গেট হবে এই নির্বাচন কমিশনকে গোড়া থেকে পরিবর্তন করা। কারণ নির্বাচন কমিশনের মেরুদণ্ড সোজা থাকলে বাংলাদেশ অনেক দূর এগিয়ে যাবে। নির্বাচনে বিঘ্নযুী নীতিত অভিযোগ এনে এনসিপি এই সমস্বয়ক বলেন, একজন প্রাথমী হিসেবে তিনি নিজে এই নির্বাচনে কমিশনের বৈষম্যমূলক নির্দেশনা মেনেছেন। মামুনুল হকের আসনে এক নিম্ন আয়ের তার নিছকের আসনে অন্য নিম্নম চাপিয়ে দেওয়া হয়েছিল। এ ছাড়া নির্বাচনের দিন ডিসি অফিসের যেভাবে ডিজিএফআই, এনএসআই এবং অন্যান্য গোয়েন্দা সংস্থা নয়াভাবে ইলেকশনের ইঞ্জিনিয়ারিং করেছে, তা পুরো দেশে দেখেছে এবং এর নৃশা সাক্ষী হিসেবে তারা এই আন্তর্জাতিক সম্প্রদায়ের কাছেও রিপোর্ট জমা দিয়েছেন। ঋণখোলাদেশের ছাড় দেওয়ার বিষয়ে নির্বাচন কমিশনারদের তীব্র সমালোচনা করে নাসিরউদ্দিন পাটোয়ারী বলেন, কমিশনাররা দুঃখ-কষ্টের কথা বলে ঋণখোলাদেশের আত্মজ্ঞান (আত্মদান) দিয়েছেন, যা সম্পূর্ণ সংবিধান লঙ্ঘন। গণ-অভ্যুত্থানের পরেও যেভাবে ঋণখোলাপদের ছাড় দেওয়া হয়েছে, তা বাংলাদেশে সভ্য ইতিহাসে মানানয় না। তারা প্রধানমন্ত্রীর আশীর্বাদ নিয়ে বর্তমানে টিকে আছেন উল্লেখ করে তিনি সতর্ক করেন, আসন্ন স্থানীয় সরকার নির্বাচনে যদি এই ধরনের কোনো কর্মকাণ্ড পুনরায় করা হয়, তবে রাজ্যশপের পরিস্থিতি উষারহ ও উত্তপ্ত হয়ে উঠবে। অতীতের একটি ঘটনার কথা স্মরণ করে এনসিপির এই নেতা বলেন, সে সময় আফরোজা আব্বাস বিভাগীয় কমিশনার অফিসের

সামনে বিশাল জমায়েত করেছিলেন। আমি ডাক দিলে সেখানে লাখে মানুষ চলে আসতো এবং একটি রক্তাক্ত পরিস্থিতি তৈরি হয়ে অনেক লাশ পড়তো। কিন্তু কোনো বাবার রুক যাতে খালি না হয়, সেই জবাবদিহিতার জয়গা থেকে তখন সরে এসেছি। এই নির্বাচন কমিশনের যারা এই নির্বাচনে নেতৃত্ব দিয়েছেন, তাদের বিচার ইনশাআল্লাহ ভবিষ্যতে বাংলার মাটিতে করা হবে।

পলিটিক্যাল পলিসিতে স্বচ্ছতা

সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ। তিনি বলেন, নির্বাচনী গণতন্ত্রের যাত্রায় বিগত নির্বাচনগুলোর ইতিহাস সুখকর নয়। ২০২৪ সালের জুলাই-উত্তর বাংলাদেশে জনগণের প্রত্যাশা ছিল একটি ঐতিহাসিক ও শ্রেষ্ঠ নির্বাচন দেখার। নির্বাচন কমিশন পলিসি দ্বেতলে স্বচ্ছতা বজায় রাখার চেষ্টা করলেও মাত্রাপর্যায় বা ভেতরের প্রক্রিয়ায় সেই স্বচ্ছতা বজায় থাকেনি। আইনের ত্রোয়াক্ষা না করে কালো টাকার ব্যবহার এবং এক শ্রেণির কর্মকর্তাদের যোগসাজশে ভোটের ফলাফলে এক ধরনের ‘ইঞ্জিনিয়ারিং’ হয়েছে বলেও জানান তিনি। সোমবার (১৮ মে) আগারগাঁওয়ের নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউটের সম্মেলন কর্কে রিপোর্টার্স ফোরাম ফর ইলেকশন অ্যান্ড ডেভোপ্লের্সির (আরএফইডি)-এর বিদায়ী ও নতুন কমিটির সর্বশেষ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। হামিদুর রহমান আযাদ বলেন, একটি সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচনের জন্য গণমাধ্যম এবং নির্বাচন কমিশনকে একে অপরের পরিপূরক হিসেবে কাজ করতে হবে। এই দুই প্রতিষ্ঠানের সমস্বয় যত সুন্দর হবে, দেশ ও জনগণের স্বার্থ তত বেশি সুরক্ষিত হবে। বিগত নির্বাচনের গুণগত কিছু পরিবর্তনের কথা উল্লেখ করে তিনি বলেন, এবারের নির্বাচনে ভোটাররা কেন্দ্রে গিয়েছেন এবং বড় ধরনের কোনো হাঙ্গামা ঘোষা যায়নি, যা হিংসাবাদ। কিন্তু মাত্রাপর্যায়ের বাস্তবতার কারণে একে পুরোপুরি সুষ্ঠু নির্বাচন বলা যাচ্ছে না। কমিশনের হেইন অব কমারের মধ্যে থাকা কিছু লোক এই অনিয়মের অশীন্দার ছিল বলে তিনি অভিযোগ করেন এবং এ বিষয়ে আদালতে প্রমাণসহ নথিগ্রহ জমা দেওয়ার কথা জানান।

ব্যাবে সরকারের কাজে

আহমদ। তিনি বলেন, রায়ে সরকারের কোনো রাজনৈতিক হস্তক্ষেপ থাকতেন না। সারাবিশ্বের কাছে প্রতিষ্ঠা করতে হবে যে বাংলাদেশের সব প্রতিষ্ঠানের স্বাধীন বুদ্ধমতা ও জবাবদিহিতা রয়েছে। এর মাধ্যমে আমরা আইনের শাসন প্রতিষ্ঠা করতে চাই। সোমবার (১৮ মে) রাজধানীর উত্তারয় র‍্যাব হোসেন্স সদর দপ্তরে র‍্যায়ের ২২তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ফাতিহাবাদী সরকারের সময় সরকারের এমন কোনো প্রতিষ্ঠান নেই যেটি ক্ষতিগ্রস্ত হয়নি। প্রতিষ্ঠানের কয়েকজন কর্মকর্তার বেআইনি কর্মকাণ্ডের কারণে পুরো প্রতিষ্ঠানকে দায়ী করা যাবে না। তিনি বলেন, প্রতিষ্ঠানগুলোকে নিজস্ব সুশাস ও গৌরব বজায় রেখে কাজ করতে যেতে হবে। এ ক্ষেত্রে সরকারের কোনো প্রাণহানিতে হস্তক্ষেপ থাকবে না। সারাবিশ্বের কাছে প্রতিষ্ঠা করতে হবে যে বাংলাদেশের সব প্রতিষ্ঠানের দায়বদ্ধতা ও জবাবদিহিতা রয়েছে। এর মাধ্যমে আমরা আইনের শাসন প্রতিষ্ঠা করতে চাই। মন্ত্রী আরও বলেন, র‍্যায়ের একটি জনবাহ্যিক ও দায়িত্বশীল বাহিনী হিসেবে পূর্ণগঠনের লক্ষ্যে বর্তমান সরকার বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে। এর মধ্যে উল্লেখযোগ্য- র‍্যাব সদস্যদের সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এবং বিভিন্ন অভিযোগ পরিচালনার সময় আন্তর্জাতিক মানদণ্ড রক্ষা করে ন্যূনতম বল প্রয়োগ, মানবাধিকার প্রশিক্ষণ, অপরাধ দমনে এআই (এআই)-এর ব্যবহার ইত্যাদি বিষয়ে গুরুত্ব বহুকারে প্রশিক্ষণ দেওয়া এবং এ লক্ষ্যে শিপিগণ র‍্যায়ের জন্য জঙ্গল সলিমপুরে কৌশলগায়িত প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠা; পরিবর্তনীয় অপরাধের দমন ও বৈশালি বিবেচনায় সমন্বয়োগ্যায়ী কৌশল গ্রহণে মাধ্যমে নিজেদের সক্ষমতা ও কার্যক্রমকে আরও উন্নতকরণ; জগৎগণের সঙ্গে সম্পৃক্ততা বৃদ্ধির মাধ্যমে জনআত্মা অর্জন; মানবাধিকার, আইনের শাসন ও পেশোমত নৈতিকতার মানদণ্ড বজায় রেখে নিরাপদ ও স্থিতিশীল সমাজ গঠনে কার্যকরী ভূমিকা রাখা; স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে দ্রুত র‍্যায় আইন প্রণয়ন ইত্যাদি।

তিন লাখ কোটি টাকার

অনেক পর নির্বাচিত সরকার এডিপি পাস করছে এবার এডিপি বাস্তবায়ন বাড়বে।’ অর্থমন্ত্রী বলেন, তিন লাখ কোটি টাকার এডিপি অনুমোদন দেওয়া হয়েছে। নির্বাচিত উইসহেয়ার বাস্তবায়নে এবার বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে এবং সরকারের উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের হারও বাড়বে। স্বাস্থ্য ও শিক্ষা খাতকে অগ্রাধিকার দিয়ে এবারের উন্নয়ন বাজেট সাজানো হয়েছে। স্বাস্থ্য বিভাগের চলমান প্রকল্পে বরাদ্দ রাখা হয়েছে ছয় হাজার আট কোটি টাকা। তবে এবারের এডিপির সচয়তেরে বড় অগ্রাধিকার বিষয় হয়ে উঠেছে অস্বাভাবিক খোক বরাদ্দ, যা মোট উন্নয়ন বাজেটের এক-তৃতীয়াংশেরও বেশি। পরিকল্পনা কমিশনের কার্পস্র অনুযায়ী, আগামী অর্থবছরের এডিপির মোট আকার ধরা হয়েছে তিন লাখ কোটি টাকা। এর মধ্যে সরকারের নিজস্ব অর্থায়ন বা জিওবি অশে এক লাখ ৯০ হাজার কোটি টাকা এবং বৈদেশিক ঋণ ও অনুদান এক লাখ ১০ হাজার কোটি টাকা। এছাড়া, ষায়ত্তশালিত সংস্থা ও করপোরেশনের নিজস্ব অর্থায়নে ব্যবসায়িত প্রকল্পের জন্য আরও আট হাজার ৯২৪ কোটি টাকা যুক্ত হলে মোট উন্নয়ন ব্যয়ের পরিমাণ দাঁড়ায় তিন লাখ আট হাজার ৯২৪ কোটি টাকারও বেশি। এডিপিতে বিভিন্ন মহালায়, বিশেষ উন্নয়ন সহায়তা এবং সামাজিক উন্নয়ন সহায়তা মিলিয়ে প্রায় এক লাখ ১৮ হাজার ২৮৮ কোটি টাকা খোক বরাদ্দ রাখা হয়েছে। অন্যদিকে রাসায় প্রকল্পভিত্তিক বরাদ্দ রয়েছে প্রায় এক লাখ ৮১ হাজার ৭১১ কোটি টাকা। অর্থাৎ উন্নয়ন বাজেটের একটি তৃত অশে এখানে নির্দিষ্ট প্রকল্পের বাইরে থাকছে, যা নিয়ে আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহি প্রশ্নের মুখে পড়ছে। কার্যপত্র দেখা যায়, বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা খাতে রাখা হয়েছে ৩৮ হাজার ২৭ কোটি টাকা এবং সামাজিক উন্নয়ন সহায়তা খাতে আরো ১৭ হাজার কোটি টাকা। এ ছাড়া বিভিন্ন মন্ত্রণালয়ের আওতায় খোক বরাদ্দ হিসেবে রাখা হয়েছে ৫৯ হাজার ২৯৬ কোটি টাকা। অতীতের মধ্যে কোনো সময়ের তুলনায় এ ধরনের অনির্দিষ্ট বরাদ্দ এবার অনেক বেশি। কিন্তু একই বিভাগের জন্য খোক বরাদ্দ রাখা হয়েছে ২০ হাজার ৮০০ কোটি টাকা, যা প্রকল্পভিত্তিক বরাদ্দের তুলনায় প্রায় সাড়ে তিন গুণ বেশি। এইছাড়াও প্রাথমিক ও গণশিক্ষা মহালায়ের চলমান প্রকল্পে বরাদ্দ পাঁচ হাজার ৪৮ কোটি টাকা হলোও খোক বরাদ্দ রাখা হয়েছে ১৪ হাজার ৩৯২ কোটি টাকা। কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগেও তিন হাজার ৭৯ কোটি টাকার খোক বরাদ্দ রাখা হয়েছে। বাতর্জিতক বরাদ্দ সচয়তেরে শেি পাহাের পরিবহনও যোগাযোগ্য খাত। এ খাতে বরাদ্দ রাখা হয়েছে ৫০ হাজার ৯২ কোটি টাকা, যা মোট এডিপির ১৬.৭০ শতাংশ। শিক্ষা খাতে বরাদ্দ ধরা হয়েছে ৪৭ হাজার ৫৮১ কোটি টাকা বা ১৫.৮১ শতাংশ। স্বাস্থ্য খাতে ৩৫ হাজার ৫৩৬ কোটি টাকা, বিদ্যুৎ ও জ্বালানি খাতে ২০ হাজার ৬৯১ কোটি টাকা এবং গৃহায়ন ও কমিউনিটি সুবিধা খাতে ৩২ হাজার ৩৬১ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। মন্ত্রণালয়ভিত্তিক বরাদ্দে সচয়তেরে বেশি পাহাে স্থানীয় সরকার বিভাগ। এ বিভাগের জন্য বরাদ্দ রাখা হয়েছে ৩৩ হাজার ৭৩৫ কোটি টাকা। দ্বিতীয় অবস্থানে রয়েছে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, যার বরাদ্দ ৩০ হাজার ৭৪১ কোটি টাকা। এ ছাড়া স্বাস্থ্যসেবা বিভাগ, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং বিদ্যুৎ বিভাগও বড় বরাদ্দ পাচ্ছে। সরকারের সামাজিক সুরক্ষা কর্মসূচির অশে হিসেবে এবারের এডিপিতে বিশেষ বরাদ্দও রাখা হয়েছে। সামাজিক উন্নয়ন সহায়তা খাতের ১৭ হাজার কোটি টাকার মধ্যে সবচয়তেরে বড় অশে ১৪ হাজার ৫০০ কোটি টাকা রাখা হয়েছে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীনে ফ্যামিলি কার্ড কর্মসূচির জন্য। কৃষি মন্ত্রণালয়ের আওতায় কৃষক কার্ডের জন্য রাখা হয়েছে এক হাজার ৪০০ কোটি টাকা। এ ছাড়া ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের মাধ্যমে মসজিদ ও অন্যান্য উপাসনালয়ের দায়িত্ব পালনকারীদের সম্মানী বাদদ বরাদ্দ রাখা হয়েছে আরও এক হাজার ১০০ কোটি টাকা। আগামী অর্থবছরের এডিপিতে মোট ২০ হাজার ১১১টি প্রকল্প অর্ন্তরুক্ত করার প্রবৃত্তি করা হয়েছে। এর মধ্যে বিনিয়োগ প্রকল্প ৯৪৯টি, কারিগরি সহায়তা প্রকল্প ১০৭টি এবং ষায়ত্তশালিত সংস্থাগুলোর ৪৪টি প্রকল্প রয়েছে। পাশাপাশি এক হাজার ২৭৭টি নতুন অনুমোদিত প্রকল্পও তালিকাভুক্ত করা হয়েছে, যেগুলো পর্যায়ক্রমে অনুমোদনের জন্য বিবেচনা করা হবে। একই সঙ্গে আগামী জুনের মধ্যে ২২৭টি প্রকল্প শেষ করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। তবে এত বড় উন্নয়ন বাজেট বাস্তবায়ন সক্ষমতা নিয়ে এরই মধ্যে প্রশ্ন উঠেছে। চলতি ২০২৫-২৬ অর্থবছরের জুলাই থেকে মার্চ পর্যন্ত ৯ মাসে এডিপি বাস্তবায়নের হার হয়েছে মাত্র ৩৬.১৯ শতাংশ। জিওবি অর্থায়নে বাস্তবায়ন হার ৩৩ শতাংশের সামান্য বেশি এবং বৈদেশিক ঋণ ও অনুদানের ব্যবহার হয়েছে প্রায় ৪০ শতাংশ। এ বাস্তবতাটার আগে বড় এডিপি বাস্তবায়ন কতটা সম্ভব, তা নিয়ে সংশয় তৈরি হয়েছে।

ঠিকাদারের বিল আদায় করিয়ে

চাইতে আসেন। প্রায় ২৮ হাজার টাকার বিলটি দিতে দেড় মাসের জন্য সময় পার হয়েছে। সাইফুল তাঁর কাছে বিল চাইলে তিনি বলেছেন নিয়ম অনুযায়ী বিল পাবেন। এ সময় ছাত্রদল নেতা মিনহাজ বলেন, ‘বিল আজকেই দিতে হবে।’ তখন তাঁকে কক্ষ থেকে বের হয়ে যেতে বললে তিনি একটি চেয়ার ছুড়ে মারেন। তিনি অস্ত্রের জন্য রক্ষা পান। ঘটনার সময় সহকারী রেজিস্ট্রার আনোয়ার শাহদাং সেখানে ছিলেন। তিনি তাঁকে সঙ্গে নিয়ে উপাচার্যের কাছে অভিযোগ দিয়েছেন। তবে বরি ছাত্রদলের সহসভাপতি মিনহাজুল ইসলাম বলেন, তাঁরা নতুন ভিসিকে ফুল দিতে যাওয়ার সময় দেশের একজন ঠিকাদার হইচই করছেন। ঠিকাদার জানান, ঘৃষ না দেওয়ার বিল আটকে রেখেছেন প্রকৌশলী মামুন। তিনি গিয়ে প্রকৌশলী মামুনকে বিলটি দিতে বলেন। কিন্তু মামুন তাঁকে কক্ষ থেকে বের করে দেন। চেয়ার ছুড়ে মারার কথা অস্বীকার করেন তিনি। এ ব্যাপারে বরিশাল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মো. হুমায়ুন কবিরকে ফোনকল করা হলেও তিনি সাড়া দেননি।

আদালতের স্থগিতদেশে অমান্যের

ইমন বলেন, কয়েক বছর আগে ডাঃ আমিনুল অন্য ব্যক্তির মাধ্যমে জমি গ্রয় করে পরবর্তীতে এওয়াজ বদলের নামে তাদের জমি দখলের চেষ্টা শুরু করেন। এ ঘটনায় হাইকোর্টে একটি মামলা চলমান রয়েছে বলেও জানান তিনি। আগের দাবি, মামলাটি উচ্চ আদালতে নিচাারীমান থাকা অবস্থায় এবং স্থিতিস্থাপ বজায় রাখার নির্দেশ থাকা সত্ত্বেও ডাঃ আমিনুল নিম্ন আদালতে নতুন মামলা দায়ের করে তাদের উচ্ছেদের চেষ্টা করছেন। তিনি বলেন, পব্ধষ্ট জমির মালিকানা ও নামজারি নিয়ে দীর্ঘদিন ধরে বিরোধ রয়েছে। ২০০০ থেকে ২০০৩ সালের বিভিন্ন দলিল, রেকর্ড ও কেস দখলের ভিত্তিতে তারা দাবি করছেন, কর্মটি ভুলভাবে আগের নামে রেকর্ড ও নামজারি করা হয়েছে। তিনি আরও জানান, প্রকৃত মালিকানা ও দখল তাদের হওয়ায় রেকর্ড সংশোধনের আবেদন করা হয়েছে এবং বিষয়টি তদন্ত করে সঠিক মালিকের নামে খতিয়ান ও নামজারি বহাল বা সংশোধনের দাবি জানানো হয়েছে। স্থগিতাদেশ সত্ত্বে জানা গেছে, বাংলাদেশ সন্ত্রাস মোকর্ডে আপিল বিভাগে দায়ের করা সিল্পে মিসলেনিয়াস পিটিশন নং- ৯৮৭/২০২৫ মামলার গত ২ ডিসেম্বর বিচারপতি মোঃ রেজাউল হক মামলাভুক্ত সম্পত্তির বর্তমান অবস্থা (স্ট্যাটাস কো) নিচের নির্দেশে দেন। মামলার আবেদনকারী ছিলেন মোঃ কামরুল হানান লিমন ও অপর একজন এবং প্রতিপক্ষ ছিলেন এ.কে.এম. আমিনুল হকএহ অ্যান্ডার। আদালতের আদেশে বলা হয়, সিভিল পিটিশন কর লিভ টু আপিল দাখিল না হওয়া পর্যন্ত সম্পত্তির বর্তমান দখল বা অবস্থা পরিবর্তন করা যাবে না। অর্থাৎ, আদালতের পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত যে যেভাবে দখলে আছেন, সেভাবেই থাকতে হবে। ইমনের অভিযোগ, ওই স্থগিতাদেশে কার্যকর থাকা অবস্থায়ও ডাঃ আমিনুল হক ২০২৫ সালের ২০ মার্চ বরিশাল অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতে তারের বিবাকী করে নতুন মামলা দায়ের করেন। এছাড়া সিটি কর্পোরেশনের মাধ্যমে তাদের উচ্ছেদের চেষ্টাও চলছে বলে তিনি দাবি করেন। প্রশাসনের প্রতি আহ্বান জানিয়ে ইমন বলেন, ‘আমাদের বেনা সময় দেওয়া হয় এবং বৈধ কাগজপত্র উপস্থাপনের সুযোগ দেয়া হয়।’ অন্যদিকে অভিযোগের বিষয়ে ডাঃ এ.কে.ম. আমিনুল হক বলেন, ‘ইমন আমার ভড়াটায়। সে জাল-জালিয়াতির মাধ্যমে উল্টো আমার জমি দখল করে আছে।’ তিনি দাবি করেন, সন্ত্রাস্ট্র জমির দলিল, রেকর্ড ও পর্চা সবই তার নামে রয়েছে। এ বিষয়ে বরিশাল আদালত ও হাইকোর্টে একাধিক মামলায় তিনি রায় পেয়েছেন বলেও জানান। পাশাপাশি ২০২৬ সাল পর্যন্ত জমির খাজনা পরিশোধ করা হয়েছে বলেও দাবি করেন তিনি।

শ্বশুরের বিরুদ্ধে মিথ্যা নিপীড়নের

গুরু করে। তদন্ত শেষে অভিযোগের পক্ষে কোনো সত্যতা না পাওয়ায় মামলাটি মিথ্যা বলে প্রতীয়মান হয়। পরে আদালত মামলার বাদী পূত্রধুকে শ্রোতার করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন। একই অভিযোগে অভিযুক্ত শ্বশুর জামিন দেন বিচারের। বিষয়টি নিশ্চিত করে আসামিপক্ষের আইনজীবী ও অতিরিক্ত পারবলিক প্রসিকিউটর অ্যাডভোকেট আক্সা সিদ্দিকার বলেন, অভিযোগের কোনো সত্যতা না পাওয়ায় আদালত ব্লাীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করেছেন এবং আসামিকে জামিন দিয়েছেন।

সৌদি থেকে বাড়ি ফেরার ৮ দিন

দাবি করলে তিনি টাকা দিতে অস্বীকৃতি জানান। এ সময় নাসির তাকে মারধর করেন। এরপরে রাতে শামী-স্ত্রী ঘরেই ছিলেন। ভোররাতে নাসির তার স্ত্রী আত্মহত্যা করেছে বলে শ্বশুর জালাল গাজীকে জানিয়ে গিলিয়ে যায়। পরে সকালে এলাকাবাসী ওই বাড়িতে যান। বাড়ির আঙিনার একটি রেনেউট গাছের নিচে ময়রাম বেগমের মরদেহ পড়ে থাকতে দেখেন। কলাপাড়া থানার ওসি নাজরুল ইসলাম জানান, মৃতের শরীরের বিভিন্ন স্থানে আঘাতের চিহ্ন রয়েছে। লাশ উদ্ধার করে ময়নাতত্ত্বের জন্য মর্মে প্রেরণের প্রক্রিয়া চলছে। পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

পরিপ্রবিতে অষ্টম দিন

এ কর্মসূচি পালন করছেন তারা। বৃহস্পতিবার (১৮ মে) সকাল ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের প্রাঙ্গণসীমান্তে সামনে অবস্থান কর্মসূচির মাধ্যমে দিনের আন্দোলন শুরু হয়। পরে শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও সাধারণ শিক্ষার্থীদের অংশগ্রহণে একটি বিক্ষোভ মিছিল ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। এ সময় আন্দোলনকারীরা উপাচার্যের অপসারণ এবং হামলাকারীদের দ্রুত গ্রেফতারের দাবিতে বিভিন্ন স্লোগান দেন। মিছিল শেষে আন্দোলনকারীরা আবার প্রশাসনিক ভবনের সামনে সমাবেশ করেন। সেখানে সংক্ষিপ্ত বক্তব্যে তারা বলেন, দাবি আদায় না হওয়া পর্যন্ত তাদের কর্মবিরতি ও আন্দোলন চলমান থাকবে। আন্দোলনকারীদের অভিযোগ, দীর্ঘদিন ধরে বিশ্ববিদ্যালয়ে প্রশাসনিক অস্থিরতার, অনিয়ম ও ক্ষেত্রভিত্তিক চলছে। এসবের প্রতিবাদে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা আন্দোলনে নামেন। এর আগে চলমান আন্দোলনের প্রথম দিন পাণ্ডিপূর্ণ কর্মসূচি চলাকালে বহিরাগতরা হামলা চালায়। এসে শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও সাংবাদিকসহ অন্তত ৩০ জন আহত হন। ওই ঘটনার পর থেকেই বিশ্ববিদ্যালয়জুড়ে উত্তেজনা বিরাজ করছে এবং আন্দোলন আরও তীব্র আকার ধারণ করেছে। আন্দোলনকারীরা জানান, হামলার ঘটনায় ইতোমধ্যে মামলা দায়ের করা হয়েছে এবং কয়েকজনকে গ্রেফতারও করা হয়েছে। তবে হামলায় মূল পরিকল্পনাকারী ও জড়িতদের সবাইকে দ্রুত আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার দাবি জানান তারা।

দেশের আকাশে চাঁদ

কায়কোবাদ সভাপতিত্ব করেন। এদিকে, একদিন আগেই রোববার ঈদুল আজহার তারিখ ঘোষণা করেছে সৌদি আরব। রোববার চাঁদ দেখা যাওয়ায় দেশটিতে সোমবার থেকে জিলহজ্জ মাস শুরু হয়েছে। সৌদিতে আগামী ২৬ মে হবে আরাফাত দিবস এবং ২৭ মে ঈদুল আজহা উদ্‌যাপিত হবে। রোববার তুরস্ক, ইন্দোনেশিয়া, মালয়েশিয়াসহ বিভিন্ন মুসলিমপ্রধান দেশ ঈদের তারিখ ঘোষণা করেছে। ইসলাম ধর্ম অনুযায়ী, মুসলমানরা জিলহজ্জ মাসের ১০ তারিখে আয্যারের সফ্রাি লাভের উদ্দেশ্যে প্রিয় বন্ধ অর্থাৎ পত্ন অসহন করে থাকেন।

নগরীর বাবু হত্যা মামলার

